সংখ্যা - ৯ সেপ্টেম্বর ২০১৯
ভাদ্র — আশ্বিন ১৪২৬
Issue No. — 9 September 2019

মূল্য : ৬ টাকা (বার্ষিক - ৭০ টাকা)
Single Issue : 6/- Annual Fee : 70/-

Website : babihar.org
E-mail : babihar@gmail.com

বহির্বাঙলার বাঙালিদের মুখপত্র

সংহতি

বিহার বাঙালি সমিতি

সম্পাদকীয়:

এন.আর.সি.

বিদ্যুৎ পাল

ভারতবর্ষ তো ছিল? না কী? ছিল না! ১৯৭১এর আগে? ১৯৪৭এর আগে? কখনো এক ছিল। কখনো ছিল না। অবিভক্ত ছিল। বিভক্ত হল। নিজেরই ভিটেতে দাঁড়িয়ে মানুষকে শুনতে হল, তুমি এখন এখানে অবাঞ্ছিত। যাও, তোমার পুরোনো দেশের সেই অংশে যাও যেটাকে এখন তোমার দেশ বলে দাগ কেটে দিয়েছে শাসকেরা। এটা এখন তোমার বিদেশ। ...

গেল সে। গিয়ে শুনল, ও, তুমি তো ওদেশ থেকে এসেছ! তুমি এখানে উদ্বাস্তু! মস্করাও শুনতে হল – "যে নিজের দেশের জন্য প্রাণ ত্যাগ করে তাকে বলে শহীদ, আর যে নিজের প্রাণের জন্য দেশ ত্যাগ করে তাকে বলে উদ্বাস্তু!" মাথা হেঁট করে শুনল সে। তার মনে পড়ল সীমা পার হওয়ার সময় কী হয়েছিল তার মা, তার বৌ তার মেয়ের সাথে, কী হয়েছিল খুঁটে বাঁধা টাকা কটার, বউয়ের কোমরে লুকিয়ে রাখা বহু কষ্টে জোটানো মেয়ের বিয়ের গয়নাগুলোর।

সত্যিই তো, কী বলবে সে? মাথা হেঁট করে শুনে গেল দশকের পর দশক ধরে যে সে বিদেশ থেকে এসেছে, সে এদেশের মানুষ নয়। শুনতে শুনতে সে ভুলে গেল যে ভারতবর্ষ ছিল। আবহমান কাল ধরে ছিল, আছে, থাকবে। সে ভারতবর্ষেরই মানুষ। তার দোষে তার দেশটা আজ তিন দেশে ভাগ হয়নি। কোনো শাসক, কোনো আইনের বা সমঝোতার চোখা দেখিয়ে তাকে বিদেশী সাব্যস্ত করতে পারে না, পারবে না। শাসক চলে যাবে, সে থাকবে। এই পরম সত্যটা সে ভুলে গেল।

আর তাই, এখনও অব্দি পশ্চিমবাংলায় এখনও অব্দি কুড়ি জন মানুষ এন.আর.সি.র ভয়ে আত্মহত্যা করেছে। যখন নাকি সে রাজ্যের বিধানসভায় শাসক দল ও বিপক্ষ দলগুলোর বড় অংশ একযোগে প্রস্তাব গ্রহণ করেছে যে পশ্চিমবাংলায় এন.আর.সি. হবে না।

বিহারের বাঙালিদের মধ্যে এখনও অব্দি আত্মহত্যার কোনো খবর পাওয়া যায়নি। বিধানসভায় কোনো প্রস্তাব গ্রহণ করা হয় নি কিন্তু মুখ্যমন্ত্রী জোর গলায় বলেছেন যে বিহারে এন.আর.সি. হবে না। আর তাছাড়া বিহারের বাঙালিদের একটা লড়াইয়ের অভিজ্ঞতা তো আছেই। ১৯৩৮এর সেই ডোমিসাইল নিয়মের বিরুদ্ধে লড়াই। মাটি আঁকড়ে থাকতে তারা জানে।

জানতে হবে, সবাইকে। ধর্মের নামে আলাদা করা তো যাবেই না। সব ধর্মবিশ্বাসের স্থান আছে, থাকবে এখানে।

কেহ নাহি জানে কার আহবানে কত মানুষের ধারা
দুর্বার স্রোতে এল কোথা হতে সমুদ্রে হল হারা
হেথায় আর্য হেথা অনার্য হেথায় দ্রাবিড় চীন
শক-হুনদল পাঠান মোগল এক দেহে হল লীন

রণধারা বাহি জয়গান গাহি উন্মাদ কলরবে
ভেদি মরুপথ পর্বত গিরি যারা এসেছিল সবে
তারা মোর মাঝে সবাই বিরাজে কেহ নহে দূর দূর
আমার শোণিতে রয়েছে ধ্বনিতে তারই বিচিত্র সুর

বিহার বাঙালি সমিতির কেন্দ্রীয় কার্যকারী সমিতি (২০১৭ -১৯)র অন্তিম বৈঠকের কার্য বিবরণী:

৩১.০৮.২০১৯ শে দেবী বাবু ধর্মশালা ভাগলপুরে অনুষ্ঠিত

ডা০ (ক্যাপ্টেন) দিলীপ কুমার সিংহ মহাশয়ের অধ্যক্ষতায় কেন্দ্রীয় কার্যকারী সমিতি (২০১৭-১৯)র অন্তিম বৈঠক আরম্ভ হয়।

শ্রী তাপস কুমার ঘোষ, যুগ্ম সম্পাদক (জোন ২) নিজের বক্তব্য রেখে জোনের শাখাগুলির রিপোর্ট পেশ করে জানান যে জোনে সাংগঠনিক সক্রিয়তা বজায় আছে।

শ্রী অঞ্জন সেন, যুগ্ম সম্পাদক (জোন ১) নিজের বক্তব্য রাখেন ও জোনের রিপোর্ট পেশ করে জানান যে গয়া শাখাকে উজ্জীবিত করার চেষ্টা চলছে।

শ্রী ফাল্গুনী মুখার্জী, সভাপতি, মুঙ্গের শাখা নিজ বক্তব্যে জানান যে শাখা দ্বারা গ্রামাঞ্চলে সদস্যতা অভিযান চালিয়ে সুফল পাওয়া গেছে। লখনপুর, তারাপুর, তেলডিহা ও হাভেলী খড়গপুরে রাঢ়ী বাঙালিদেরও সদস্য করা হয়েছে।

শ্রীমতি কাকলী ব্যানার্জী, সম্পাদক, চম্পানগর শাখা নিজ বক্তব্যে তাঁর শাখার বাংলা শিক্ষা প্রচেষ্টা, লাইব্রেরী সঞ্চালন, সাংস্কৃতিক কার্যকলাপ ও বৃহত্তর সমাজের সাথে সমিতির সামঞ্জস্যের সফলতার কথা তুলে ধরেন। তিনি সদস্যদের সমস্যা সমাধানে কেন্দ্রীয় কমিটির বিশেষ সাহায্য পাওয়া যায়না ও নিয়মিত সঞ্চিতা পাওয়া যাচ্ছেনা বলে আক্ষেপ করেন। তিনি দু:খ প্রকাশ করে বলেন যে রাজ্য সম্মেলনের পরিপ্রেক্ষিতে ভাগলপুর শাখা দ্বারা আয়োজিত প্রেস কনফারেন্সের রিপোর্টিং এ বারারী ও চম্পানগর শাখার নাম ছাপা হয়নি অথচ বাঁকা ও অমরপুরের নাম ছাপা হয়েছিল যেখানে কিনা সমিতির কোনো শাখাই নেই।

শ্রী দুলাল সরকার, সম্পাদক, বারারী শাখা বলেন যে বাংলা ভাষা বাঁচলেই বাঙালীদের রক্ষা সম্ভব। তাই বারারী শাখার দ্বারা একটি ত্রিভাষা স্কুল চালানো হচ্ছে যেখানে বাচ্চারা হিন্দি ও ইংরাজির সাথে বর্ণ পরিচয়ের মাধ্যমে বাংলা ভাষা শেখার সুযোগও পাচ্ছে এবং বিভিন্ন সাংস্কৃতিক প্রস্তুতিতেও দক্ষতা অর্জন করছে। তিনি বলেন যে তাদের শাখা শ্রী তাপস ঘোষের কাছ থেকে যেমন সাহায্য পায় তেমনটি অন্য পদকর্তাদের কাছ থেকে পায় না এবং চম্পানগর ছাড়া অন্য শাখাগুলির সাথে তাঁর শাখার সম্পর্কে তিনি খুশী নন। তাঁর এই বক্তব্যে শ্রীমতি রত্না মুখার্জী, অধ্যক্ষা, ভাগলপুর শাখা প্রতিবাদ জানালে ডা০ দিলীপ কুমার সিংহ বলেন যে আক্ষেপ ব্যক্ত করার সময় আমাদের ভাষা সংযত হওয়া উচিৎ যাতে কারো মনে আঘাত না লাগে এবং আমাদের নিজেদের মধ্যের মতপার্থক্যকে বিশেষ প্রশ্রয় না দিয়ে একজোট হয়ে সরকারের কাছ থেকে নিজেদের অধিকার হাসিল করার জন্য বিশেষ সচেষ্ট হওয়া প্রয়োজন। শ্রী তাপস ঘোষ বলেন যে ভুল বোঝাবুঝি মিটিয়ে ভাগলপুরের সব শাখাগুলি হাতে হাত মিলিয়ে এগিয়ে যাবে এতে কোনো সন্দেহ নেই।

শ্রী তরুণ ঘোষ, সভাপতি, বারারী শাখা জানান যে বাঙালীদের বাসন্তী পূজা কমিটিকে দুর্গাচরণ প্রাথমিক বিদ্যালয়ের অবাঙালী প্রধানাধ্যাপিকা বিদ্যালয় প্রাঙ্গণে পুজো আয়োজন করতে দিচ্ছেন না। এই ব্যাপারে সমিতির কেন্দ্রীয় কমিটিকে হস্তক্ষেপ করে একটা বিহিত করার চেষ্টা করতে তিনি আগ্রহ করেন। তিনি পাটনা থেকে আগত সমিতির পদকর্তাদের একবার বারারী শাখা পরিদর্শন করতে আগ্রহ করেন।

Standard Industries
35, New Market, Patna - 800001
Telephone No. : 0612-2222343
e-mail : amitmu1947@gmail.com; standard7864@gmail.com
BRC Duckback
High Quality Leather Accessories

For
Video & Still Photography
Contact : Sujay Bhattacharya
B. M. Das Road, Patna - 800 004
Mob. 9835424997, 9661124835

Surnandan Bharati
ISO : 9001-2008
Music, Dance, Painting, Recitation, Drama, Crafts, Carnatic Music, Western Music and Dance Examination Board and Research Institute
An ISO 9001 : 2008 Society
D24/2, Rabindra Pally, Kolkata - 700086
+91 33 2462 4151 +91 8981004151
ritishchakravarty@yahoo.com
surnandanbharati@yahoo.com
www.surnandanbharati.com
Ritish Chakravarty
All India Secretary
Surnandan Bharati

সঞ্চিতার প্রকাশনা ও বার্ষিক চাঁদা

এপ্রিল ২০১৯ এ ২০১৮র প্রকাশিত তিন সংখ্যা ও এপ্রিল—জুন ১৯ সংখ্যা ডাক যোগে পাঠানো হয়েছিল। যাঁরা পেয়েছেন বা পাননি, তাদের ৯৪৩০২৯৪২৮৭ নং এ SMS করে জানাতে অনুরোধ জানাই। সকলকে বর্তমান ঠিকানা, মোবাইল নং ও ই-মেল জানাতে অনুরোধ জানাই।

যাঁরা বার্ষিক গ্রাহক তাদের সকলকে নিজের বকেয়া (গত তিন বছরে প্রকাশিত ১৬ সংখ্যার ৮০টাকা ও ২০১৯এর চাঁদা (৭০টাকা) মোট ১৫০টাকা তাড়াতাড়ি ব্যাঙ্ক একাউন্টে জমা করে ও সম্পাদককে জানিয়ে সহযোগিতার হাত বাড়াতে অনুরোধ জানাই।

ডা০ সিন্হা বলেন সমিতি ধার্মিক কোন অনুষ্ঠান করেনা, তাই এ বিষয়ে কোন রকম সাহায্য সমিতি করতে পারে না।

কেন্দ্রীয় কোষাধ্যক্ষ শ্রী সচ্চিদানন্দ সিন্হা বলেন যে ২০১৮ অবধি সমিতির আয়-ব্যায়ের অডিট হয়ে গেছে ও ২০১৯ অবধি অডিট আগামী ১৫ দিনের মধ্যেই হয়ে যাবে। তিনি প্রথমে তার রিপোর্টের কপি উপস্থিত প্রতিনিধিদের দিয়ে তার পর রিপোর্ট পেশ করবেন বলে জানান যাতে সঠিক চর্চা করা যেতে পারে। তিনি তাঁর বক্তব্যে জানান যে গত ৮ বছরের অডিট না হওয়ার জন্য কিছু সমস্যা দেখা দিয়েছিল যা অডিটারের পরামর্শে সেগুলি দূর করতে তিনি অনেক মাত্রায় সফল হয়েছেন। তিনি সমিতির অফিস সেক্রেটারি শ্রী বিশ্বনাথ দেব মহাশয়ের সমিতির আয়-ব্যয়ের হিসাব ঠিক মত রাখার জন্য ভুয়সী প্রশংসা করেন।

তিনি জানান যে বিদ্যাসাগর স্মৃতিরক্ষা কমিটির রেজিস্ট্রেশন হওয়ার পর থেকে তা একটি বিধিমান্য সংস্থা হিসাবে গণ্য হয়েছে ও তার হিসাব পত্তরে অনেক সুবিধে হয়েছে। তিনি বলেন যে সমিতির বকেয়া অডিট করতে গিয়ে জানা গেছে যে প্রতি বছর এক লক্ষ্য টাকা মত ব্যাঙ্ক একাউন্টে জমা পড়েছে যার দেয় ট্যাক্স সমিতিকে দিতে হয়েছে। খোঁজ নিয়ে জানা গেছে যে টাকা একটি ফিক্স ডিপোজিটের সুদ যা কিনা সমিতির প্যান নম্বর ব্যবহার করে রামমোহন রায় সেমিনারী দ্বারা খোলা হয়েছে। কি ভাবে রামমোহন রায় সেমিনারী সমিতির প্যান নম্বর ব্যবহার করল তার সদত্তুর তিনি পাননি।

তিনি আরও জানান যে বেশ কয়েক বছর সময় মত আয়কর রিটার্ন না দাখিল করায় প্রায় ৮ লক্ষ্য টাকা আয়কর ও ফাইন হিসাবে বিভাগের কাছে বকেয়া পড়ে যায়। এই দায় কমাবার জন্য অডিটরের পরামর্শে সমিতির অফিস চালানোর বকেয়া পারিশ্রমিক হিসাবে শ্রী বিশ্বনাথ দেব ও শ্রীমতি রঞ্জনা সিন্হাকে ২.৪০ লক্ষ টাকা করে দেওয়া হয়, যা পরে ওঁরা বিদ্যাসাগর স্মৃতিরক্ষা কমিটির ভবন নির্মাণের খাতে দান করে দেন। তিনি বলেন যে নয় বছর কোষাধ্যক্ষ থাকাকালীন শ্রী বিশ্বনাথ দেব বিভিন্ন খাতে নিজের ৬৫ হাজার টাকা খরচ করে কাজ চালিয়েছেন যা অডিট হওয়ার পর জানা গেছে। এই টাকা শ্রী বিশ্বনাথ দেবকে ফেরৎ দিয়ে দেওয়া উচিৎ বলে তিনি মন্তব্য করেন।

শ্রী সচ্চিদানন্দ সিন্হা, কোষাধ্যক্ষ, বলেন যে বর্তমানে সমিতির আর্থিক ব্যাপারে মানকের পালনের প্রতি তাঁর আগ্রহ ও তা না হওয়ায় তাঁর আপত্তি বিষয়ে জানান। তিনি চান যথাশীঘ্র সমিতির ৮০জীর প্রমাণপত্র জন্য আবেদন করুক। তিনি বলেন যে সাংগঠনিক ব্যাপারে তাঁর মতামত না নেওয়া হলেও কোষাধ্যক্ষ হিসাবে আর্থিক ব্যাপারগুলিতে তাঁর মতামত অবশ্যই নেওয়া উচিৎ। কিন্ত দু:খের বিষয় যে তা হচ্ছেনা। তাই তিনি জানান যে এভাবে কাজ করে যাওয়া তাঁর পক্ষে কঠিন হচ্ছে।

তিনি দু:খের সাথে জানান যে বিহার হেরাল্ড সংক্রান্ত খরচের জন্য কোষাধ্যক্ষ রূপে তাঁর মতামত কখনোই নেওয়া হয়নি, যার জন্য বিহার হেরাল্ডকে দেওয়া ৮০ হাজার টাকার ঋণ তিন বছর পুরো হওয়ার পর রাইট অফ করে দিতে হবে যা কি না একটি আর্থিক ত্রুটি হিসাবে গণ্য হবে। এই ক্ষতি পূরণ করতে তিনি প্রত্যেকটি শাখাকে বিহার হেরাল্ডের বকেয়া চাঁদা অবিলম্বে জমা দিয়ে দিতে অনুরোধ করেন। তিনি জোর দিয়ে বলেন যে সমিতির পক্ষ্যে প্রতি বছর প্রায় ১ লক্ষ টাকা খরচ করে বিহার হেরাল্ড ছেপে যাওয়া আর্থিক দিক দিয়ে একটি ভূল নির্ণয় যা অবিলম্বে পাল্টানো উচিৎ কারণ এতে লাভের থেকে ক্ষতি অনেক বেশী। বিহার হেরাল্ড ছাপা বন্ধ করে কেবল সঞ্চিতাকে বাঁচিয়ে রাখার চেষ্টাই সঠিক হবে বলে তিনি মন্তব্য করেন।

Mob.:9386880078 Ph.2301802
Das Company
OPP. P.M.C.H .MAIN GATE
ASHOK RAJPATH, PATNA – 800 004
A modern house for
HEARING AIDS, NUSICAL INSTRUMENTS & BOOKS

গোপাল : ৯৪৩১৬৬২৪২৪ /২৩০৩৬৯৮
শ্রী দুর্গা জুয়েলারী
মাতা মহাকালী মন্দির-বিপরীত
গোবিন্দ মিত্র রোড, লঙ্গরটোলী
পাটনা—৮০০ ০০৪

Mob. : 9835053664/ 2300186 ®
NEW
ROY JEWELLERS
No . 8, First Floor, N. P. Centre
New Dak Bunglow Road
Patna – 800 001

Mob. : 9835012908
With Best Compliments from
M/s Roy Choudhury Photographers
Opp. Patna Collegiate School
DARIYAPUR
PATNA—800 004

Ph. 9835454439
BASAK STORES
Leading Wholesale Cloth Merchant
Chowdhury Market, Ashok Raj Path
Patna – 800 004

সঞ্চিতা আমানত কোষ

মোট পৃষ্ঠপোষক সংখ্যা – ৫১৬ : মোট আমানত : ২,৫০,৬৮৯ টাকা

Bengalee Association, Bihar A/c Sanchita নামে ১০০০ টাকার চেক/ RTGS/NEFT সমিতির S/B A/c State Bank of India এর A/c No. – 11049771396, IFS Code - SBIN0000152 এ জমা করতে পারেন। টাকা জমা করে সম্পাদককে (মো০ - ৯৪৩০২৯৪২৮৭) জানিয়ে দিতে অনুরোধ জানাই।

তিনি আরও বলেন যে সঞ্চিতা ও বিহার হেরাল্ডের আলাদা করে অডিট করাতে অডিট ফী হিসাবে সমিতির অনেক অতিরিক্ত টাকা খরচ হচ্ছে, তাই সমিতির একটা হিসাব রাখলেই ভাল।

শ্রী তাপস ঘোস বলেন যে বিহার হেলাল্ড ছাপা সম্পর্কে শ্রী সচ্চিদানন্দ সিন্‌হা মহাশয়ের চিন্তা ন্যায্য এবং এর যোগ্য পাঠকবর্গের অভাবের জন্য শাখাগুলির পক্ষে এই পত্রিকা বিলি করাও খুব কঠিন। তাই এর প্রকাশনা বন্ধ করে দেওয়া উচিৎ।

শ্রী বিদ্যুত পাল, সহ-সভাপতি জোন ১ ও সম্পাদক, বিহার হেরাল্ড নিজ বক্তব্যে বলেন যে বিহার হেরাল্ড সমিতির জন্য দরকারী একটি প্রকাশন যার মাধ্যমে অবাঙালিদের কাছে বাঙালিদের ভাবনা-চিন্তা পৌঁছে দিয়ে দুই পক্ষের মধ্যে সমন্বয় রক্ষা করা সহজেই সম্ভব হচ্ছে। তিনি বলেন যে এই পত্রিকার প্রতি সদস্যদের বিরূপ মনোভাব অনেকাংশেই ভিত্তিহীন। তাই সমিতির স্বার্থে বিহার হেরাল্ডের প্রকাশন অব্যাহত রাখা উচিত।

শ্রী বিশ্বনাথ দেব, কার্যালয় সচিব, সেন্ট্রাল কমিটি জানান যে তাঁর সাথে সেন্ট্রাল কমিটির শীর্ষ পদকর্তাদের ব্যবহার মর্যাদাপূর্ণ না হওয়ায় তিনি দু:খিত। জরুরী বৈঠকের সূচনা পর্যন্ত তাঁকে দেওয়া হচ্ছে না। তিনি এর কারণ জানতে চান ও সমাধানের জন্য আগ্রহ করেন।

সভাপতি ডা০ (ক্যাপ্টেন) দিলীপ কুমার সিংহ কোষাধ্যক্ষ্যের বক্তব্যের সমর্থন করেন ও বলেন যে সংগঠনের সুষ্ঠু সঞ্চালনের স্বার্থে শীর্ষ পদকর্তাদের একসাথে বসে কথা বলে এই সব সমস্যাগুলির আশু সমাধানের সচেষ্টা করা উচিৎ। তিনি আশা ব্যক্ত করেন যে সকলের সহযোগিতায় খুব শীঘ্রই সমস্ত মতপার্থক্যের সমাপন সম্ভব হবে।

শ্রী সুনির্মল দাশ, সাধারণ সম্পাদক সমিতির ওয়েবসাইটকে সঠিকভাবে ব্যবহার করতে না পারার বিষয়ে সদস্যদের দৃষ্টি আকর্ষণ করেন ও সোশাল মিডিয়ার মাধ্যমে সমিতির বিভিন্ন শাখা ও সদস্যদের মধ্যে সংবাদের আদান-প্রদানের দ্বারা সংগঠনে সংবাদহীনতা দূর করার কথা বলেন।

শ্রী সুনির্মল দাশ, সাধারণ সম্পাদক জানান যে সময়াভাবের জন্য সম্পাদকের ছাপানো প্রতিবেদন নিয়ে আলোচনা করা যাচ্ছেনা। আগামীকাল ঐ প্রতিবেদন সকলকে বিলি করা হবে ও তা নিয়ে আলোচনা করা হবে। তিনি সমিতির সাংগঠনিক কার্য সম্পাদন ও সঞ্চালনের উন্নতি ও সুবিধার জন্য নিম্নলিখিত প্রস্তাব চর্চার জন্য সভা সমক্ষে রাখেন. তিনি জানান যে সদস্যদের অবগতির জন্য সভাপতি মহাশয়ের সঙ্গে আলোচনা করার পর তাঁর নির্দেশ অনুসারে এই প্রস্তাবগুলি কেন্দ্রীয় পদকর্তা ও কার্যকারী সদস্যদের বিবেচনার ও নিজেদের মতামত জানানোর জন্য মেলে পাঠানো হয়েছিল।

সমিতির কার্যালয়: গত সাধারণ সভায় অনেক আলোচনার পর স্থির হয়েছিল যে শাখা প্রত্যেক আজীবন সদস্যদের থেকে বার্ষিক দুশত (২০০) টাকা সমিতির বিভিন্ন কাজ করার জন্য সহযোগিতা রাশি নেবে। তার ৭০% শাখা রাখবে ও ৩০% কেন্দ্রীয় সমিতিকে পাঠাবে। স্থির হয়েছিল যে সেই টাকা থেকে কার্যালয় চালানোর জন্য একজন কর্মচারী রাখা হবে। কিন্তু দুঃখের বিষয় কেবল মাত্র ভাগলপুর শাখা ২০১৮-১৯ এ ৫০০০টাকা অনুদান পাঠিয়েছে। সমিতি বর্তমানে দুজন সদস্যকে সমিতির কাজের জন্য মাসিক ৯০০০টাকা দেয়।

সব শাখাগুলো যদি অনুদান না পাঠায়, তাহলে সমিতির কার্যালয় চালানোর জন্য যে টাকা ব্যয় করা হচ্ছে তা আর সম্ভব হবে না। সকলকে অনুদান পাঠাতে

Ph.: 2521072, (M) 9931202484
ROY JEWELLERY MART
G- 4, Pushpanjali Place
Boring Road, Patna – 800 001

মা বৈষ্ণো জুয়েলারি
পপুলার প্যালেস, বাঙালি আখাড়ার গলির সামনে
লঙ্গরটুলি, পাটনা - ৮০০ ০০৪
মো০ - ৯৮৩৫০৮৭৬৫৯
২২ ক্যারেট সোনা, রূপা ও হীরের গহনা নির্মাতা

0612-2665208, 9835431111
With best Compliments from
ROY DIAGNOSTIC
Ramna Road Corner, Nayatola
Patna—800 004

7759815520
With Best Compliments from
DADA GARMENTS
G – 158, Khetan Super Market
Patna—800 004

Affiliated to C.B.S.E.
New Delhi
Phone : 06254-234085
9835221774
RAMKRISHNA VIVEKANAND VIDYA MANDIR
Class : Nur - X, Curriculum : C.B.S.E. New Delhi
English Medium, Co-Education
Main Branch
Bel Bag Bengali Colony, Bettiah, West Champaran
New Branch
Majhariya, bairiya, west champaran
email : rkvvidyamandir@gmail.com

DAS DIGITAL
Multicolour Offset Printer
Bangali Akhara, D. N. Das Lane
Patna—800 004
9431222396, 9006353001
dasakmp@gmail.com

অনুরোধ জানানো হচ্ছে। এ ছাড়া অন্য কোন অনুদানও পাওয়া যাচ্ছে না।

প্রস্তাব: প্রত্যেক শাখা সম্পাদকদের অনুরোধ জানানো হচ্ছে যে সমিতির কার্যালয় চালানোর ব্যয়ভার বহন করার যে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল, তা কার্যকর করতে। কেন্দ্রীয় সমিতির ও পাটলীপুত্র শাখার কার্যকারী সমিতির সদস্যদের কেন্দ্রীয় কার্যালয় চালানোর জন্য সময় দিতে হবে।

শিক্ষা অনুদান কোষ– কেন্দ্রীয় সমিতির পক্ষ থেকে একটি 'শিক্ষা অনুদান কোষ' গঠন করার প্রস্তাব করা হচ্ছে।

নিম্নলিখিত খাতে আমানত কোষের টাকা সুনিশ্চিত ভাবে রাখা হোক ও তার সুদের অংশ এই খাতে খরচ করার প্রস্তাব অনুমোদনের জন্য আপনাদের কাছে রাখা হল যা আগেই সদস্যদের মেলে পাঠানো হয়েছিল –

	বিভিন্ন খাতে আমানত কোষের অংশ	দুবছরের জন্য বর্তমান সুদের অংশ ৭.০০%
বিহার হেরাল্ড	– ৩ লক্ষ	২১,০০০ টাকা
সঞ্চিতা	- ২ লক্ষ	১৪,০০০ টাকা
বিদ্যাসাগর স্মৃতিরক্ষা সমিতির অনুদানের জন্য	- ২ লক্ষ	১৪,০০০ টাকা
আইন	- ১ লক্ষ	৭,০০০ টাকা
শিক্ষা অনুদান কোষ	- ২ লক্ষ	১৪,০০০ টাকা
কে. সমিতির সদস্যদের শাখা পরিদর্শনে যাওয়ার জন্য	- ১ লক্ষ	৭,০০০ টাকা
কে. সমিতির অনুষ্ঠানের জন্য	- ১ লক্ষ	৭,০০০ টাকা
কেন্দ্রীয় সমিতির কার্যালয়ের স্টেশনারী ইত্যাদির জন্য	- ১ লক্ষ	৭,০০০ টাকা
বিল্ডিং আমানত কোষ (এই কোষ আগে ছিল)	- ২.৬৭ হাজার	১৮,৬৯০ টাকা
মোট	- ১৫ লক্ষ ৬৭ হাজার টাকা	১,০২,৬৯০ টাকা

এ বিষয়ে আলোচনা হয়। স্থির হয় যে যেহেতু আজ বিভিন্ন শাখার কার্যকারী সদস্যদের উপস্থিতি কম হয়েছে, সেইজন্য এ বিষয়েটি আগামীকাল সাধারণ সভায় আলোচনা করা হবে (সদস্যদের মধ্যে সাধারণ সম্পদাকের লিখিত প্রতিবেদন সহ প্রস্তাব বিতরণ করা হবে) ও অনুমোদন নেওয়া হবে।

সভাপতির ধন্যবাদ জ্ঞাপনের পর সভা শেষ করা হয়।



সময়ের পথেঃ রবিঠাকুরের সাথে

সুদৃশ্য ত্রিভাষী এই সচিত্র রবিজীবনী বিহার বাঙালি সমিতির কার্যালয়ে পাওয়া যাচ্ছে। দাম ৫০০ টাকা। আগ্রহী ব্যক্তি ফোন নম্বর ৯৮৩৫৪৯৫৭৮৮ এবং ৭৯০৩৬৯২৭০৩ তে শ্রী বিশ্বনাথ দেবের সাথে কথা বলুন।

9334727580/ 2228648
AMCO Shoppe
Golghar Chowk, Budh Marg, Patna-800 001
Batteries for 2 Wheeler, 4 Wheelers, Truck, Tractors, Jeep, UPS

ROY JEWELLERS
HARNIWAS COMPLEX
Dak Bunglow Road, Patna – 800 001
Ph. : 0612 – 2204890
Deals in : Hallmark Gold Jewellery, IGI Certified Diamond Jewellery

9430252695
তৃপ্তি মিষ্টান্ন ভান্ডার
কদমকুয়া, পাটনা - ৮০০ ০০৩
মিষ্টি ও পয়োধি দই সরবরাহ করা হয়।

Phone : 2230885/8051233640
Roy Jewellers & Brothers
B – 83 Maurya Lok Complex
Dak Bunglow Road
Patna – 800 001

RB
Roy Brothers
(Jewellers)
Hallmark Gold & Silver Ornaments
Manufactures & Order Suppliers
MACHUATOLI, PATNA – 800 004
Ph.:268-6914, 2303501, Mob.: 9334328283

9431014297
সঞ্চিতার শুভানুধ্যায়ীদের আন্তরিক প্রীতি ও শুভেচ্ছা
সঞ্জয় বসাক
১০ বি, রাজেন্দ্র নগর, পাটনা - ৮০০ ০১৬

পাত্র/পাত্রী

বিএসসি, এমএসসি, ইঞ্জিনিয়ার অথবা সমতুল্য শিক্ষাগত যোগ্যতার, ইংরেজি মাধ্যমে শিক্ষিতা, সুন্দরী বাঙালী পাত্রী চাই। পাত্রের বয়স ২৬ বছর, উচ্চতা ৫' ১০", শিক্ষাগত যোগ্যতাঃ এমটেক (ইন্ডিয়ান স্ট্যাটিস্টিকাল ইন্সটিট্যুট থেকে স্বর্ণপদক প্রাপ্ত), কর্মরত (বার্ষিক বেতন ১৭+ লক্ষ), সুপুরুষ, বাঙালী কায়স্থ। যোগাযোগে আগ্রহী হলে পাত্রীর ছবির সাথে বিবরণী হোয়াটস্যাপ নম্বর **8709219946** এ পাঠান।

দ্বিতীয় বিহার বাঙলা সাহিত্য সম্মেলন

প্রথম বিহার বাঙলা সাহিত্য সম্মেলন ১১ই নভেম্বর ২০১৭ য় রামমোহন রায় সেমিনারী পাটনায় অনুষ্ঠিত হয়। দ্বিতীয় সম্মেলন ৩১ শে আগস্ট ২০১৯ দেবীবাবু ধর্মশালা ভাগলপুরে আয়োজিত হয়। অনুষ্ঠান পরিচালনায় ছিলেন কবি ও সচিব,বঙ্গীয় পরিষদ, ভাগলপুর শাখার অন্জন ভট্টাচার্য। স্থানীয় শিল্পীদের উদ্বোধনী সংগীতের পর কবি সাহিত্যিকরা রচনা পাঠ করেন। রচনা পাঠে অংশগ্রহণ করেন গৌতম সরকার, ডাক্তার শর্মিলা বাগচী, রাজীব ব্যানার্জি (হৈমবন্তী ব্যানার্জির রচনা), স্নিগ্ধা ঝা, ডাক্তার বিনয় কুমার মাহাতা, নিরুপম কান্তি পাল (পড়েন সবিতা ব্যানার্জির রচনা), নীতিশ বিশ্বাসও তন্ময় বীর (কলকাতা থেকে আগত সম্মানিত অতিথি), শম্পা দেবনাথ,পরেশ মুখার্জি, অঞ্জন ভট্টাচার্য, ডাক্তার (ক্যাপ্টেন) দিলীপ কুমার সিন্হা। অনুষ্ঠানে আগত অতিথিদের অভিনন্দন জানিয়ে সম্মান জানান সংযোজক অঞ্জন ভট্টাচার্য।

বিহার বাঙালি সমিতির ৫২ তম সাধারণ সভা

১ লা সেপ্টেম্বর ২০১৯ এ বিহার বাঙালি সমিতির ৫২ তম সাধারণ সভা টাউন হল, ভাগলপুরে আয়োজিত হয়। সমিতির ভাগলপুরের সকল সদস্যদের দুমাসের অক্লান্ত প্রয়াসে সফল হয় এই বিরাট আয়োজন। তাঁরা দল গঠন করে প্রায় ৫০০ বাঙালি বাড়িতে গিয়ে এই অনুষ্ঠানে সক্রিয় অংশ গ্রহণ করতে উৎসাহিত করেন। নিজ ক্ষমতা অনুসারে বাঙালি সম্প্রদায় আর্থিক সাহায্য করতে এগিয়ে আসেন। ১ লা সেপ্টেম্বর সকাল থেকে কঠিন রোদ উপেক্ষা করে প্রভাত ফেরীতে অংশ নিতে সবাই জড়ো হন দুর্গাচরণ প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে। ছোটরা রবীন্দ্রনাথ, বিবেকানন্দ, সুভাষ বসু সাজে সজ্জিত হয়ে সকলের মনোহরণ করে। দুটি চারাগাছ প্রাঙ্গনে সমিতি সভাপতি ও অন্য পদাধিকারী সদস্যগণ রোপন করেন। শরৎচন্দ্রের স্ট্যাচুতে পুষ্পমালা দেওয়া হয়। বাঙলা সাহিত্য ও সংস্কৃতিতে ভাগলপুরের অবদান নিয়ে বক্তব্য রাখেন ডঃ শর্মিলা বাগচী। ছোটদের সম্মেলক নৃত্য আনন্দলোকে সংগীতযোগে পরিবেশিত হয়। গাওয়া হয় বাঙলা হিন্দী ইংরেজী ভাষায় 'উই শ্যাল ওভারকাম'। বাঙালি সমিতি দীর্ঘজীবি হোক সমবেত ধ্বনি দিয়ে প্রভাত ফেরী আরম্ভ করে পথ চলা। বঙ্গীয় সাহিত্য পরিষদ প্রাঙ্গনে এসে এখানে শরৎ বাবুর স্ট্যাচুতে মাল্যদান করা হয়। 'মম চিত্তে' গীত সহযোগে ছোটদের নাচ ও মিছিল পৌঁছয় শরৎচন্দ্রর মামাবাড়িতে। এখানে কথাশিল্পীর বালকবেলা কেটেছে। শ্রীকান্তের প্রথম পর্বে ইন্দ্রনাথ আনন্দদিদির চরিত্র এ তৎকালীন সময়ের ছবি ভাগলপুর শহরের পাওয়া যায়। লেখকের বর্তমান প্রজন্মের যাঁরা তাঁদের সঙ্গে সমিতির পদাধিকারী সদস্যদের পরিচয় করানো হয়। টাউন হলে পৌঁছে যায় প্রভাত ফেরী। সমিতির পতাকা উত্তোলন করেন সভাপতি ডাক্তার দিলীপ কুমার সিন্হা।' ধনধান্য পুষ্পভরা' গান দিয়ে সূচনা হয় সভার।

স্বাগত জানান হয় সারা ভারত বাঙালি সমিতির (আইবা) সভাপতি তপন সেনগুপ্ত ও সর্ব ভারতীয় বাঙলা ভাষা মঞ্চ'এর সচিব নীতিশ বিশ্বাস কে। সভাপতি মঞ্চে বক্তৃতা করেন।

প্রতিনিধি সভায় সমিতির প্রতিবেদন সাধারণ সম্পাদক সবাইকে পড়ে শোনান। কোষাধ্যক্ষ ও সমিতির আর্থিক পরামর্শদাতা আয়-ব্যয়ের বিবরণী সভায় রাখেন ও সর্বসম্মতিতে তা পাশ হয়ে যায়। আগামী ১৫ দিনের মধ্য অডিট হয়ে যাবে, তা সভাকে জানানো হয়। যা সর্বসম্মতিতে গতকালের অন্তিম কার্যকারী সমিতির বৈঠকে ও আজকের সভায় অনুমোদিত হয়।

নন্দন কানন, কার্মাটাড়ে বিদ্যাসাগর দ্বিশতজন্মবার্ষিকী পালন সংক্রান্ত

সঞ্চিতার প্রকাশনা

সঞ্চিতার প্রকাশনা খরচ বেড়ে গেছে। অনেক বছর হল সঞ্চিতার বার্ষিক গ্রাহক চাঁদা বাড়ানো হয়নি।

বার্ষিক গ্রাহকদের গত তিন বছরে প্রকাশিত ১৬ সংখ্যার ৮০টাকা ও ২০১৯এর চাঁদা (৭০টাকা) মোট ১৫০টাকা তাড়াতাড়ি ব্যাঙ্ক একাউন্টে জমা করে ও সম্পাদককে জানিয়ে সহযোগিতার হাত বাড়াতে অনুরোধ জানাই।

8405059273
PAL SAREE NIKETAN
Specialist in :
Bengal Handloom Saree, Cuttcki & Fancy Saree, Salwar Suit
Bari Path, Patna—800 004

ANNAPURNA CATERER
&
PACKAGING SERVICE
Sanchyan, Kidwaipuri,
Patna – 800 001
Mob. : 9334512656 / 9934209251/ 9334253321
Calls for All Occasion & Seasons
annapurnacaterer@yahoo.in

9334157725 (M)
SRI MANI PRINTERS
QUALITY OFFSET PRINTER
Babuganj, Near Gaighat
Gulzarbagh, Patna – 800 007

Mob. 9334335762
Paul Optico
Opp. Rabindra Furniture
Patna Collegiate Lane, Nala Road
Patna – 800 004 SUNDAY CLOSED

Ph.: 2301978, (M) 9334123007
ROY JEWELLERY WORKS
Gobinda Complex
Gobind Mitra Road, Patna-800 004

আলোচনা সভায় করা হয়। সকলকে ২৬-২৭ সেপ্টেম্বরে আয়োজিত কার্মাটাড় অনুষ্ঠানে অংশগ্রহণের অনুরোধ জানান হয়।

বিহার হেরাল্ড ও সঞ্চিতার সুষ্ঠ পরিচালনা বিষয়ক কিছু পরিকল্পনার কথা সাধারণ সম্পাদক আলোচনা করেন। বিগত পাটনার সাধারণ সভায় শাখার সদস্যদের চাঁদার হার যা স্থির করা হয়েছিল তা দেওয়ার জন্য অনুরোধ জানান হয়।

সমিতির ব্যাঙ্কে জমা ফিক্স ডিপোজিটে প্রাপ্ত বার্ষিক সুদের বিভিন্ন প্রকল্পে খরচের পূর্বনির্দিষ্ট ভাবনা অনুষঙ্গ নিয়ে আলোচনা করা হয়। সভায় আনিত সমস্ত প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

শ্রী বিলাস কুমার বাগচী মহাশয়ের অনুমতি নিয়ে তাঁকে নির্বাচন আধিকারিক মনোনীত করা হয়। বিভিন্ন পদের জন্য নির্দিষ্ট ফর্মে মনোনয়ন পত্র জমা দেওয়ার আবেদন জানানো হয়। সভাপতি ও সাধারণ সম্পাদক পদে একটি করে মনোনয়ন পত্র জমা হয় ও কোষাধ্যক্ষ পদে কোন মনোনয়ন পত্র জমা না হওয়ার জন্য সভাপতি পদে ডাঃ (ক্যাপ্টেন) দিলীপ কুমার সিন্হা ও সাধারণ সম্পাদক পদে শ্রী সুনির্মল দাশ মহাশয়কে মনোনীত করা হয়। অন্যান্য পদে একাধিক মনোনয়ন পত্র জমা পড়ে ও কয়েকটা পদে কোন মনোনয়ন পত্র জমা পড়েনি। যেহেতু সব মনোনয়ন পত্রের জন্য যে বিষয়গুলি বিচার করার কথা সেগুলি সে সময়ের মধ্য সম্ভব ছিল না, তাই সভাপতি মহাশয়ের প্রস্তাব অনুসারে ও নির্বাচন আধিকারিক মহাশয়ের অনুমতিতে জানানো হয় যে আগামী ১৫ই সেপ্টেম্বর ২০১৯শে পাটনায় নববিরবাচিত কেন্দ্রীয় কার্যকারী সমিতির বৈঠক করা হবে ও সেদিন অন্যান্য পদকর্তাদের মনোনীত বা নির্বাচিত করা হবে। তার আগে প্রত্যেককে তাদের মনোনয়ন পত্র অনুসারে বিস্তারিত ভাবে জানিয়ে দেওয়া হবে। যা তারা ১৫ই সেপ্টেম্বর এর বৈঠকের মধ্যে পূরণ করে দেবেন। যা সর্বসম্মতিতে অনুমোদিত হয়। নির্বাচন ফল ঘোষণা ১৫ই সেপ্টেম্বর পর্যন্ত স্থগিত রাখা হয়। সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সন্ধ্যেবেলায় সঙ্গীত শিল্পী ও সহ সভাপতি ভাগলপুর শাখা সোমনাথ সরকারের নির্দেশনায় শ্রোতা দর্শক পরিপূর্ণ টাউন হলে সঙ্গীত নৃত্যের একটি মনোজ্ঞ অনুষ্ঠান পরিবেশিত হয়।

সম্মানিত করা হয় স্থানীয় ব্যক্তিত্বদের যাঁরা সমাজে উল্লেখযোগ্য কাজ করেছেন। স্বর্গীয় ডাক্তার অনিল কুমার বিশ্বাস, মুকুটধারী অগ্রবাল, অধ্যক্ষ ভাগলপুর চেম্বার অফ কমার্স কে মরনোত্তর সম্মান জানান হয়। সুখ্যাত চিকিৎসক শান্তনু কুমার ঘোষ, সৌমেন কুমার চ্যাটার্জিকে ও প্রোফেসর ইতিহাস বিভাগীয় প্রধান ডাক্তার বাহাদুর মিশ্রকে এবং হিন্দী বিভাগের প্রধান অধ্যাপক ডাক্তার রমন সিন্হাকে ভাগলপুরের বাঙালি সম্প্রদায়ের জন্য বিশিষ্ট কাজের জন্য সম্মানিত করা হয়। সাহিত্য আকাদেমি পুরস্কার প্রাপক বিনয় কুমার মাহাতাকে ও সঞ্জয় সর্বাধিকারী যাঁর একনিষ্ঠ প্রচেষ্ঠায় পুনর্জাগরিত হয়েছে দুর্গাচরণ প্রাথমিক ও সেকেন্ডারি দুই বিদ্যালয় উনি সমিতির শুভানুধ্যায়ী পরামর্শদাতা এঁদের সম্মানিত করা হয়।

টাউন হল প্রাঙ্গনে ব্যবস্থা হয়েছিল জলখাবার, দুপুরের ও রাতের খাবার। তৎপরতার সঙ্গে আয়োজক সমিতির ব্যবস্থাপনা মনে রাখার মত। স্থানীয় মিডিয়ার সহযোগিতা প্রশংসনীয়। সভায় আলোচিত বিভিন্ন বিষয় যেমন বাঙালি সমুদায়ের শিক্ষা সংস্কৃতি মাতৃভাষা সংক্রান্ত সমস্যা, সামাজিক অধিকার, অসম রাজ্যে এন আর সি ও বাঙলা বিরোধী অভিযান, বিদ্যাসাগর দ্বিশতজন্মবার্ষিকী পালন ইত্যাদি সমস্তকেই মিডিয়া যথেষ্ট গুরুত্ব দিয়ে প্রসারিত করে যা উল্লেখযোগ্য।

সকলকে ধন্যবাদ জানান সচিব ভাগলপুর শাখার জয়জীত ঘোষ ও আমন্ত্রণ জানান নৈশাহারে। অনুষ্ঠান শেষ হয় সমবেত কন্ঠে জাতীয় সঙ্গীত গেয়ে।

প্রতিবেদন – বিদ্যুৎ পাল ও অজয় সান্যাল

GITANJALI PATHO DIAGNOSTICS
Vivekanand Marg, North SK Puri, Boring Road, Patna - 800 013
(0612) 2576123 / 2572429
www.gitanjalipathodiagnostics.com
INTRODUCED IN 2015
• Advia Centaur CP Immuno Assay System
• Siemens Clinitek Novus Fully Automated Urinary Chemistry Analyzer
• BN Prospec Fully Automated Rate Nephelometry
• BD FACSPresto™ for Rapid CD4 count
Eastern India's First ISO 9001 Certified Lab

মহান স্বাধীনতা সংগ্রামী শহীদ খুদিরাম বোস

সরায়কেলা-খারসোয়া জেলার চাণ্ডিলের খুদিরাম বোস চক থেকে মহান স্বাধীনতা সংগ্রামী শহীদ খুদিরাম বোসের আবক্ষ মুর্তি উপড়ে নেওয়ার বিষয়টির উপর যথা যোগ্য ব্যবস্থা নেওয়ার জন্য প্রধানমন্ত্রী সচিবালয় থেকে রাজ্যের চিফ সেক্রেটারী কে চিঠি পাঠিয়েছে। বাঙলা ভাষা ও সংস্কৃতি রক্ষা সমিতি ঝাড়খণ্ডের স্টেট সেক্রেটারী গৌতম চট্টোপাধ্যায় গত ২৬ আগস্ট প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কে লিখিত আবেদন দিয়ে মহান স্বাধীনতার সংগ্রামী শহীদ খুদিরাম বোসের তিরোধাণ দিবসের দিন চণ্ডিল এর খুদিরাম বোস ছক থেকে ওই মহাপুরুষ এর আবক্ষ মুর্তি উপড়ে নেওয়ার বিষয় টি তুলে ধরে দোষী আধিকারিকের বিরুদ্ধে আইন গত ব্যবস্থা নেওয়ার সঙ্গে মূর্তিটি পুনরায় প্রতিষ্ঠা করার অনুরোধ করেন। প্রধানমন্ত্রী সচিবালয়ের শেক্সন আধিকারিক রাজিব রঞ্জন রাজ্যের চিফ সেক্রেটারী ড .ডি .কে .টেওয়াড়ি কে চিঠি পাঠিয়ে বিষয়টির উপর যথা যোগ্য ব্যবস্থা গ্রহণ করে গৌতম বাবুকেও সুচনা দিতে বলেছেন। রাজ্যের বিধানসভা নির্বাচনের পুর্বেnn বিষয়টির নিস্পত্তির জন্য পিএমওর হস্তক্ষেপ কে অভিনন্দন জানিয়েছেন সমিতির সেক্রেটারী। বলেছেন পূর্বে রাজ্যের মুখ্যমন্ত্রী ও রাজ্যপাল কে বিষয়টির নিস্পত্তির জন্য আবেদন দেন। মূর্তিটি পুনঃপ্রতিষ্ঠার বিষয়ে কোন পদক্ষেপ না নেওয়ার জন্য অগত্যা প্রধানমন্ত্রীর দারস্থ হন।

সংবাদদাতা, দুমকা : গৌতম চ্যাটার্জী

"আমাদের বিদ্যাসাগর"

অরিন্দম ভৌমিক

বাংলার মানুষ প্রয়োজন মতো "আমাদের বিদ্যাসাগর" এই শব্দবন্ধ উচ্চারণে শ্লাঘা অনুভব করতে যতখানি ভালোবাসেন তাঁর প্রতিষ্ঠান রক্ষায় প্রায় ঠিক ততখানিই উদাসীন। বিদ্যাসাগর প্রতিষ্ঠিত বা পরিচালিত বিদ্যালয়গুলি বাঁচিয়ে রাখার উদ্যোগের অভাবে প্রায় সবগুলিই বিলুপ্ত।

এই সিদ্ধান্ত তাঁর প্রতিষ্ঠিত ও প্রত্যক্ষভাবে পরিচালিত কলকাতার পাঁচটি বিদ্যালয় সম্পর্কে সর্বাধিক প্রযোজ্য।

অন্যদিকে দক্ষিণবঙ্গের পরিদর্শক থাকাকালীন গ্রামে গ্রামে ঘুরে যে বিদ্যালয়গুলি প্রতিষ্ঠা করেছিলেন, সেগুলি যে ঠিক কোথায় কোথায় প্রতিষ্ঠা করেছিলেন? কতদিন চলেছিল ? তা রক্ষা করার কোনো উদ্যোগ ছিল কিনা ? - ইত্যাদি বিষয় জানার প্রায় কোন সুযোগই বর্তমানে নাই।

উদ্দেশ্য -

তাঁর প্রতিষ্ঠিত যে সব বিদ্যালয় হারিয়ে গেছে, সেগুলো সম্পর্কে যথাযথ তথ্য সংগ্রহ, প্রয়োজনে সে সকল স্থানে নতুনভাবে প্রতিষ্ঠান গড়ে তোলা।

১৮৪৪ খ্রিস্টাব্দে বড়লাট লর্ড হার্ডিঞ্জ ফোর্ট উইলিয়াম কলেজে পরিদর্শনে এলে মার্শাল সাহেব তরুণ পন্ডিত বিদ্যাসাগরের সঙ্গে বড়লাটের আলাপ করিয়ে দেন। দুজনের মধ্যে শিক্ষা সম্পর্কে আলোচনা হয়। বিদ্যাসাগরের সঙ্গে আলোচনায় তিনি যে আপলুত হয়েছিলেন তার প্রমান কিছুদিনের মধ্যেই পাওয়া যায়। বিদ্যাসাগরের পরামর্শ অনুসারে হার্ডিঞ্জ তাঁর আমলে (১৮৪৪-৪৮) আমাদের এই বাংলায় ১০১ টি পাঠশালা বা বঙ্গ বিদ্যালয় (সরকারি নথিতে 'হার্ডিঞ্জ স্কুল') প্রতিষ্ঠা করেন। মেদিনীপুর জেলায় ৩টি বঙ্গ বিদ্যালয় বা - প্রতিষ্ঠা হয়। মেদিনীপুর শহরে এরকম একটি হার্ডিঞ্জ স্কুলের বর্তমান নাম বিদ্যাসাগর বিদ্যাপীঠ বালক। বিদ্যাসাগর এই বিদ্যালয়গুলির উন্নতির জন্য বিশেষ চেষ্টা করেছিলেন।

(পরের অংশ আগামী সংখ্যায়)

বিশেষ সূচনা :

বিহার বাঙালি সমিতির কেন্দ্রীয় কার্যকারী সমিতি (২০১৭-১৯)র ৩১.৮.১৯র অন্তিম বৈঠক ও ০১.০৯.১৯এ সাধারণ সভার কার্য বিবরণীতে কোন সদস্যের বক্তব্য যদি ঠিক মত লিপিবদ্ধ করা হয়নি বলে মনে করেন, তাহলে তাদের লিখিত ভাবে জানাতে অনুরোধ জানানো হচ্ছে। আগামী সংখ্যা সেগুলো প্রকাশিত করা হবে ও কার্যবিবরণীতে যোগ করে নেওয়া হবে।

– সাধারণ সম্পাদক

If undelivered, please return to
SANCHITA, Bengalee Association, Bihar
Rammohun Roy Seminary Campus
Dr. Bidhan chandra Roy Path (Khazanchi Road)
Patna - 800 004
Editor Mob. No. : 9430294287

Sanchita is Printed, Published & Edited by Sunirmal Das on behalf of Bengalee Association, Bihar
Dr. Bidhan Chandra Roy Path (Khazanchi Road), Patna - 800 004, Joint Editor—Bidyut Pal